
# ডাকসু নির্বাচন বাধাগ্রস্ত হলে দায়িত্ব ছাড়ব, সব সত্য উন্মোচন করব: ঢাবি ভিসি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, ডাকসু নির্বাচন আয়োজন চ্যালেঞ্জিং হলেও আশাব্যঞ্জক পরিস্থিতি বিরাজ করছে। তবে নির্বাচন ব্যাহত হলে তিনি দায়িত্ব ছেড়ে দিয়ে এর নেপথ্যের সব তথ্য প্রকাশ করবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন আয়োজনকে চ্যালেঞ্জিং হলেও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। তিনি জানান, এখন পর্যন্ত বিভিন্ন ছাত্র সংগঠনের আচরণ আশাব্যঞ্জক এবং কমিশনের নির্দেশনায় নির্বাচনের প্রস্তুতি চলছে।

শনিবার (২৩ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের কালো দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপাচার্য বলেন, “পুরো জাতি ডাকসু নির্বাচনের দিকে তাকিয়ে আছে। আমরা ভালো পরিবেশে ভোট আয়োজনের চেষ্টা করছি। তবে কেউ যদি নির্বাচনকে বাধাগ্রস্ত করতে চায় বা করে, তাহলে আমি দায়িত্ব ছেড়ে দেব এবং কে কী করেছে তা জাতির সামনে তুলে ধরব।”

তিনি আরও উল্লেখ করেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সবসময় অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার থেকেছে। তাই ইতিহাস থেকে শিক্ষা নিয়ে যেকোনো পরিস্থিতিতে অন্যায়ের প্রতিবাদ করতে হবে। একইসঙ্গে সেনাবাহিনীসহ সকল অংশীজনকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান উপাচার্য।

LENS ASIA